

প্রচ্ছদ

রাজ্যের খবর

জাতীয়

আন্তর্জাতিক

ফটো গ্যালারি

আমাদের সম্পর্কে

ভিডিও

যোগাযোগ করুন

আরো

ডঃ অরিজিৎ দাসের আবিষ্কৃত সূত্রগুলিকে মান্যতা দিল ভারত সরকার

Posted on **August 8, 2018** by **santanu99** —

আপডেট প্রতিনিধি, আগরতলা, ৮ আগস্ট ।। দীর্ঘ টানা ৮ মাসের পর্যবেক্ষণের পর অবশেষে ভারত সরকার স্বীকৃতি দিল ডঃ অরিজিৎ দাসের আবিষ্কৃত রসায়নের ১৯টি সহজ শিক্ষাদান পদ্ধতি সহ ৩৯টি সূত্র। গত ৭ই আগস্ট, ২০১৮ (মঙ্গলবার) ভারত সরকারের কপি রাইট দপ্তর আগরতলা বাধারঘাটস্থিত রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের প্রধান তথা সহকারী অধ্যাপক ডঃ অরিজিৎ দাসের আবিষ্কৃত এই শিক্ষাদান পদ্ধতি এবং সূত্রগুলিকে মান্যতা দিয়েছে। যার রেজিস্ট্রেশন নম্বর হল L-77140/2018 ।

উল্লেখ্য, ডঃ দাসের আবিষ্কৃত সহজ শিক্ষাদান পদ্ধতি ও সূত্রগুলি ৪টি মহাদেশ যথাক্রমে এশিয়া, ইউরোপ, উত্তর আমেরিকা এবং আফ্রিকা থেকে প্রকাশিত হয়েছিল। তাছাড়া এই সূত্রগুলি ইন্ডিয়ান ক্যামিকেল সোসাইটি, অ্যামেরিকান ক্যামিকেল সোসাইটি, আফ্রিকান ক্যামিকেল সোসাইটি, ক্যালিফোর্নিয়া ডেভিস বিশ্ববিদ্যালয়, নিউ ইয়র্ক সিটি

কলেজ, আমেরিকান ইন্সটিটিউট অব সায়েন্স এবং ওপেন সায়েন্স রিসার্চ সোসাইটি আমেরিকায় সূচিবদ্ধ সহ মান্যতা পেয়েছিল। প্রসঙ্গত, আগস্ট ২০১৫ সালে আমেরিকার বিখ্যাত সফটওয়্যার প্রস্তুতকারক সংস্থা minerazzi.com ডঃ দাসের আবিষ্কৃত ১৪টি ফর্মুলা নিয়ে হাইড্রোকার্বন পার্সার নামক টুল তৈরী করেছিল। যা পরবর্তী সময়ে ২০১৭ সালে আমেরিকার নিউ ইয়র্ক সিটি কলেজের গ্রন্থাগারে সূচিবদ্ধ হয়েছে। তাছাড়া আমেরিকার বিখ্যাত বিশ্ববিদ্যালয় ক্যালিফোর্নিয়া ডেভিসের গ্রন্থাগারে ২০১৫-১৬ সালে ডঃ দাসের আবিষ্কৃত সূত্রগুলি সূচিবদ্ধ হয়েছে। পাশাপাশি আগস্ট ২০১৫ সালে ইন্ডিয়ান ক্যামিকেল সোসাইটি ডঃ দাসের আবিষ্কৃত সূত্রগুলিকে মান্যতা দিয়ে তাদের গবেষণাপত্রে প্রকাশ করেছে। তাছাড়া ডঃ দাস ডিসেম্বর ২০১৩ সাল থেকে আমেরিকান ক্যামিকেল সোসাইটির একমাত্র আমন্ত্রিত সদস্য হিসেবে ত্রিপুরা থেকে কাজ করে যাচ্ছেন।

এই কাজে সহযোগীতার জন্য ডঃ দাস রামঠাকুর কলেজের গ্রন্থাগারের গ্রন্থাগারিক রামকৃষ্ণ ভট্টাচার্যকে বিশেষ ভাবে ধন্যবাদ জানিয়েছেন।

ডঃ দাসের এই সাফল্যে আই আই টি খরগপুরের রসায়ন বিভাগের অধ্যাপক ডঃ পি কে চট্টরাজ, হায়েদ্রাবাদ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ডঃ সমর কুমার দাস, কলকাতা বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অধ্যাপক ডঃ জি এন মুখার্জি, গৌহাটি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ এইচ কে শর্মা, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ আর কে নাথ ও রেজিস্ট্রার শানিত দেবরায় ডঃ দাসকে অভিনন্দন জানিয়েছেন।



[f](#) [t](#) [g+](#) [+](#) Share / Save [f](#) [t](#) [+](#)

This entry was posted in **ত্রিপুরা** by **santanu99**. Bookmark the **permalink** [<http://newsupdateoftripura.com/archives/21315>].